

১ লাখ শিক্ষক নিয়োগ : পুলিশ ভেরিফিকেশন নিয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসি)।

অধীন এমপিওভুক্ত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, কলেজ,

মাদরাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষাপ্রতিষ্ঠানে ষষ্ঠ

গণবিজ্ঞপ্তির আলোকে এক লাখ ৮২২ জন শিক্ষক নিয়োগের

আবেদন চলছে। আবেদন চলার মধ্যেই শিক্ষা মন্ত্রণালয়ের

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ পুলিশ ভেরিফিকেশন সংক্রান্ত

একটি পরিপত্র জারি করেছে।

ওই পরিপত্রে বলা হয়েছে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে

গত ২৫/০১/২০২৪ খ্রি. তারিখে জারিকৃত পরিপত্র

নং-৩৭.০০.০০০০.০৭ ৩.৮৮.০১৭.১৯.১৯-এর পুলিশ

ভেরিফিকেশন সংক্রান্ত অনুচ্ছেদ ৫.১. 'বেসরকারি শিক্ষক নিবন্ধন

ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসি) প্রাথমিকভাবে নির্বাচিত

প্রার্থীদের নিকট থেকে পুলিশ ভেরিফিকেশনের জন্য প্রয়োজনীয়

ডি-আর ফরম প্রাণ্তির পর তা শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে পাঠাবে। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের মধ্যে কেউ পুলিশ ভেরিফিকেশনের জন্য ডি-আর ফরম দাখিল না করলে তাকে নিয়োগ সুপারিশের জন্য বিবেচনা করা হবে না।

অংশটুকু নিম্নরূপ পরিবর্তিত হবে—

‘বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নিকট থেকে পুলিশ
ভেরিফিকেশনের জন্য প্রয়োজনীয় পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন
ফরম প্রাণ্তির পর তা বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন
কর্তৃপক্ষ (এনটিআরসিএ) সরাসরি স্পেশাল ব্রাংশ, পুলিশ
অধিদপ্তরে পাঠাবে। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের মধ্যে কেউ
পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন ফরম দাখিল না করলে তাকে
নিয়োগ সুপারিশের জন্য বিবেচনা করা হবে না।’ এ আদেশ
অবিলম্বে কার্যকর হবে।